

একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়  
ঢাকা সামাজিক বন বিভাগ  
বনভবন, মহাখালী, ঢাকা-১২১২  
(ই-মেইলঃ dfosfdhaka@gmail.com)

স্মারক নং- ২২.০১.০০০০.৪০৪.৪২.০০১.২২-২৩৪৩

তারিখ : ০১/১২/২০২৫ খ্রি।

বিষয় : তারুণ্যের উৎসব ২০২৫ উদযাপন উপলক্ষে Flagship Program হিসাবে দেশব্যাপী ০৫ (পাঁচ) হাজার শিক্ষা প্রতিষ্ঠানে বৃক্ষরোপণ প্রসঙ্গে।

সূত্র : প্রধান বন সংরক্ষকের দপ্তরের স্মারক নং- ২২.০১.০০০০.০০৮.০০২.০১.২৫.১৩৯১ তারিখ: ০৯/১১/২০২৫ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তারুণ্যের উৎসব ২০২৫ উদযাপন উপলক্ষে বন অধিদপ্তর কর্তৃক গৃহীত Flagship Program হিসাবে দেশব্যাপী ০৫ (পাঁচ) হাজার শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের অংশগ্রহণে বৃক্ষরোপণ কর্মসূচির আওতায় আপনার শিক্ষা প্রতিষ্ঠান অন্তর্ভুক্ত আছে। প্রতিটি নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানে বনায়নের জন্য ৫০ (পঞ্চাশ) টি (বনজ- ২৫টি, ফলজ এবং ভেষজ- ২৫টি) চারা বরাদ্দ করা হয়েছে যা অত্র বন বিভাগ কর্তৃক সরবরাহসহ রোপণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

এমতাবস্থায়, আপনার শিক্ষা প্রতিষ্ঠানের সীমানার মধ্যে অথবা সীমানার অভ্যন্তরসহ প্রতিষ্ঠানের সামনের রাস্তা অন্তর্ভুক্ত করে জায়গা নির্বাচন পূর্বক বৃক্ষরোপণে প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।

*S.M. 01/12/2025*  
(মাহমুদা রোকসেনা সুলতানা)  
পরিচিতি নম্বর-১৩২৬৯  
বিভাগীয় বন কর্মকর্তা  
ঢাকা সামাজিক বন বিভাগ  
ফোন : ০২২২২২৮৩৫৩০।

অধ্যক্ষ/ প্রধান শিক্ষক

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

১. বন সংরক্ষক, ঢাকা সামাজিক বন অঞ্চল, বন ভবন, মহাখালী, ঢাকা।
২. উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নরসিংদী সদর/ পলাশ/ রায়পুরা/ বেলাব/ মনোহরদী/ শিবপুর।
৩. সহকারী বন সংরক্ষক, সামাজিক বনায়ন জোন, নরসিংদী। তাকে বৃক্ষরোপণ সংক্রান্ত বিষয় তদারকি করার জন্য নির্দেশ প্রদান করা হলো।
৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, নরসিংদী/ শিবপুর। তাকে নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানে পত্র প্রেরণসহ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এবং প্রতিষ্ঠানের প্রধানগণের সাথে যোগাযোগপূর্বক বৃক্ষরোপণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।
৫. উপজেলা বন কর্মকর্তা, উপজেলা বন কর্মকর্তার কার্যালয়, পলাশ/রায়পুরা/বেলাব/মনোহরদী। তাকে নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানে পত্র প্রেরণসহ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এবং প্রতিষ্ঠানের প্রধানগণের সাথে যোগাযোগপূর্বক বৃক্ষরোপণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।